

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮২

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে কারণে অর্ধ শা'বানে সিয়াম রাখতে বারণ করা হয়েছে তার বর্ণনা

ذكر العلة التي من أجلها زُجِرَ عن الصوم في نصف الْأَخِيرِ مِنْ شَعْبَانَ

## আরবী

3582 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ السَّكَنِ قَالَ: حَدَّثَنَا الْمِعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ قَالَ: دَخَلْتُ عَلَى عِكْرِمَةَ فِي الْيَوْمِ بْنُ كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ قَالَ: دَخَلْتُ عَلَى عِكْرِمَةَ فِي الْيَوْمِ اللَّذِي يُشَكُّ فِيهِ مِنْ رَمَضَانَ وَهُوَ يَأْكُلُ فَقَالَ: ادْنُ فَكُلْ قُلْتُ: إِنِّي صَائِمٌ فَقَالَ: وَاللَّهِ اللَّذِي يُشَكُّ فِيهِ مِنْ رَمَضَانَ وَهُو يَأْكُلُ فَقَالَ: ادْنُ فَكُلْ قُلْتُ: إِنِّي صَائِمٌ فَقَالَ: وَاللَّهِ لَلَّذِي يُشَكُّ فَيَالًا عَلَى وَلَيْتِهِ وَالْعَرْفُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم قَالَ: (لَا تَسْتَقْبِلُوا الشَّهْرَ اسْتِقْبَالًا صَوْمُوا لِرُوْيَتِهِ وَأَفْطِرُوا لِرُوْيَتِهِ فَإِنْ حَالَ بَيْنَكُمْ وَبَيْنَهُ غَبَرَةُ سَحَابِ أَوْ قَتَرَةٌ فَأَكْمِلُوا الْعِدَّةَ ثَلَاثِينَ)

الراوي: سِمَاك بْن حَرْبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3582 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2016).

## বাংলা

৩৫৮২. সিমাক বিন হারব থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি ইকরামার কাছে যাই, এমন দিনে যেদিন রমযান হওয়া সন্দেহপূর্ণ ছিল। এসময় তিনি খাবার গ্রহণ করছিলেন। তখন তিনি বলেন, "কাছে আসো এবং খাবার খাও।" আমি বললাম, "আমি সিয়াম রেখেছি।" তখন তিনি বলেন, "আল্লাহর কসম, অবশ্যই তুমি কাছে আসবে।" আমি বললাম, "আমাকে হাদীস বলুন।" তখন তিনি বলেন, "আমাকে হাদীস বর্ণনা করেছেন ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা (রমযান) মাসকে আগেভাগেই গ্রহণ করে নিবে না (অর্থাৎ মাস শুরু হওয়ার আগেই সিয়াম রাখা শুরু করো না)। তোমরা চাঁদ দেখে সিয়াম রাখবে এবং চাঁদ দেখে সিয়াম রাখা বাদ দিবে। যদি চাঁদ ও তোমাদের মাঝে মেঘের ধূসরতা ও কালিমা অন্তরায় হয়, তবে তোমরা (শাবাস মাসকে) ৩০ দিন গণনা করবে।"[1]



## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১২; হাকিম: ১/৪২৪-৪২৫; মুসনাদ আহমাদ: ১/২২৬; দারেমী: ২/২; নাসাঈ: ৪/১৩৬; সুনান বাইহাকী: ৪/২০৭; বাগাবী: ১৭১৬; তাবারানী: ১১৭৫৫; মুয়ান্তা ইমাম মালিক: ১/২৮৭; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৪; মুসানাফ আব্দুর রায্যাক: ৭৩০২; ইবনুল জারূদ: ৩৭৫; সহীহ মুসলিম: ১০৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সিমাক ইবন হারব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন